ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৯০

আগরতলা,২৩ জুলাই,২০২৫

**মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় পরিদর্শনে উচ্চশিক্ষামন্ত্রী**

**রাজ্য সরকারের মিশন ও ভিশন হচ্ছে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়কে দেশের অন্যান্য বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের সমপর্যায়ে নিয়ে আসা**






উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন আজ মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে এক ছোট্ট অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেন, উচ্চশিক্ষা দপ্তরের দায়িত্ব গ্রহণ করার পর রাজ্যভিত্তিক পর্যালোচনা সভায় উচ্চশিক্ষা দপ্তরের পরিকাঠামোর বর্তমান পরিস্থিতি কি অবস্থায় রয়েছে তা পর্যালোচনা করা হয়। পাশাপাশি পর্যালোচনা সভায় রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়গুলির পঠন পাঠন ব্যবস্থা এবং পরিকাঠামোর বর্তমান অবস্থা খতিয়ে দেখার জন্য সরেজমিনে পরিদর্শন করারও সিদ্ধান্ত নেওয়া হয়। এরই অঙ্গ হিসেবে আজ মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করা হয়। মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের সাথে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্যের নাম জড়িত রয়েছে, যিনি শিক্ষা বিস্তারের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছেন।

উচ্চশিক্ষামন্ত্রী বলেন, রাজ্য সরকারের মিশন ও ভিশন হচ্ছে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়কে দেশের অন্যান্য বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের সমপর্যায়ে নিয়ে আসা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আন্তরিক প্রচেষ্টায় দেশে নতুন জাতীয় শিক্ষানীতি প্রবর্তন করা হয়েছে। জাতীয় শিক্ষানীতিতে শিক্ষাকে কর্মমুখী করে তোলার ব্যবস্থা রয়েছে। পাশাপাশি ছাত্রছাত্রীদের পছন্দ অনুযায়ী শিক্ষা গ্রহণের সুযোগ রাখা হয়েছে। এই জাতীয় শিক্ষানীতি মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় স্তরে সুচারুভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে অধ্যাপক, অধ্যাপিকা, ছাত্রছাত্রী সকলকেই একজোট হয়ে কাজ করতে হবে। তিনি বলেন, একটা সমাজ বা জাতি কতটা উন্নত তা শিক্ষার উন্নয়নের উপর নির্ভর করে। এক ভারত শ্রেষ্ঠ ভারত বা এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন করতে হলে জনগণকে সুশিক্ষিত করার উপর বিশেষ গুরুত্ব দিতে হবে।

২-এর পাতায়

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. সুমন্ত চক্রবর্তী বলেন, এম.বি.বি. ইউনিভার্সিটিকে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে শ্রেষ্ঠ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রচেষ্টা নেওয়া হচ্ছে। আশা করা যায় আগামী দিনে রাজ্যের এই বিশ্ববিদ্যালয় তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারবে। এছাড়াও বক্তব্য রাখেন মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিভাস দেব ও উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা।

অনুষ্ঠান শুরুর আগে উচ্চশিক্ষামন্ত্রী মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস, নির্মীয়মান মুক্ত অডিটোরিয়াম ও ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি পরিদর্শন করেন। পরিদর্শনের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি জানান, উচ্চশিক্ষা দপ্তরের রাজ্যভিত্তিক পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়গুলিতে নতুন জাতীয় শিক্ষানীতি যথাযথভাবে চালু করা হয়েছে কিনা, জাতীয় শিক্ষানীতি চালুর পরিপ্রেক্ষিতে পরিকাঠামোগত কোনও সমস্যা রয়েছে কিনা তা খতিয়ে দেখার লক্ষ্যেই আজ মহারাজা বীরবিক্রম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করা হয়। আগামীদিনে রাজ্যের অন্যান্য বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়গুলিও পরিদর্শন করা হবে এবং সেই অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

*****